# প্রাধিকারপ্রাপ্ত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

বিদ্যুৎ ভবন, ৩৫ বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An enterprise of Bangladesh Power Development Board)
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।
www.wzpdcl.org.bd, e-mail: wzpdcl.md@gmail.com

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.০৯.০০১.২১-১২৪৯

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৫ জুন ২০২১ খ্রিঃ

## সার্কুলার

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর ০১/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ২১১তম বোর্ড সভায় "প্রাধিকারপ্রাপ্ত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ওজোপাডিকো) এর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১" অনুমোদিত হওয়ায় উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ (Compliance)-এর জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো।

১৫/০৬/২১
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো, খুলনা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
২. নির্বাহী পরিচালক(অর্থ/প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ওএন্ডএম, এসএন্ডডি/ইএসসিএস/ মহাব্যবস্থাপক(হিসাব/অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৪.কোম্পানি সচিব / সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল/ সকল প্রকল্প পচালক/সকল উপ-মহাব্যবস্থাপক, ওজোপাডিকো,------------------------------------------------------।
৫.সকল নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২/৩/৪ / সকল ব্যবস্থাপক (হিসাব) / ব্যবস্থাপক(প্রশাসন) / নির্বাহী প্রকৌশলী (সিস্টেম এনালিস্ট)/,আহিদ,ওজোপাডিকো, ------------------------------------------------------।
৬. দপ্তর নথি।

# প্রাধিকারপ্রাপ্ত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

বিদ্যুৎ ভবন, ৩৫ বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

বিষয়ঃ প্রাধিকারপ্রাপ্ত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ওজোপাডিকো) এর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১।

১। সংক্ষিপ্ত শিরোনাম।-

(১) এ নীতিমালা "প্রাধিকারপ্রাপ্ত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ওজোপাডিকো) এর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। তবে প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের এই ঋণ গ্রহণ বাধ্যতামূলক নয়।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নীতিমালায়-

ক) "গাড়ি" অর্থ নতুন অথবা গাড়ি ক্রয়ের তারিখ হতে ০৫(পাঁচ) বছরের মধ্যে প্রস্তুতকৃত সেডান কার/সেলুন/স্টেশন ওয়াগন/ এসইউভি (SUV-Sports Utility Vehicle)/ সিইউভি (CUV-Crossover Utility Vehicle)।

ব্যাখ্যাঃ এসইউভি (SUV) বা সিইউভি (CUV) প্রচলিত অর্থে জীপ (Jeep) বা অনুরুপ গাড়িকে বুঝাবে। গাড়ির সর্বনিম্ন সি.সি ১৫০০ (+/-১০) এবং সর্বোচ্চ সি.সি ২০০০ (+/-১০)।

(খ) "গাড়ি সেবা নগদায়ন" অর্থ প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ কর্তৃক ওজোপাডিকো হতে গাড়ি সুবিধা গ্রহণের পরিবর্তে "সুদমুক্ত ঋণ" গ্রহণের মাধ্যমে ক্রয়কৃত গাড়ি রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে প্রদত্ত আর্থিক সুবিধাদি;

(গ)"প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ ওজোপাডিকো'র "বেতন কাঠামো-২০১৬" অনুযায়ী ওজোপাডিকোতে সার্বক্ষণিক গাড়ি সুবিধাপ্রাপ্ত কর্মকর্তা বুঝাবে। তবে ওজোপাডিকোতে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণ এর অন্তর্ভূক্ত হবেন না।

(ঘ) "গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়" অর্থ এ নীতিমালার আওতায় সুদমুক্ত ঋণের অর্থে ক্রয়কৃত গাড়ির মেরামত/সংরক্ষণ, জ্বালানি, ড্রাইভারের বেতন, বীমা, ফিটনেস নবায়ন, কর, অন্যান্য ফি ইত্যাদি বাবদ প্রদেয় মাসিক রক্ষণাবেক্ষণ ব্যয়কে বুঝাবে।

(ঙ) "সুদমুক্ত ঋণ" অর্থ এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের উদ্দেশ্যে প্রদত্ত সুদমুক্ত ঋণ।

(চ) "সরকারি দাবী আদায় আইন" অর্থ Public Demands Recovery Act, 1913 (Bengal Act No. lll of 1913)|

(ছ) "পরিবার" অর্থ প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বামী/স্ত্রী, সন্তান, পিতামাতা এবং তাঁর সাথে বসবাসকারী সদস্য।

৩। নীতিমালার প্রাধান্য- আপাততঃ বলবৎ অন্য কোন নীতিমালায় যা কিছুই থাকুক না কেন এ নীতিমালা প্রাধান্য পাবে।

৪। "সুদমুক্ত ঋণ" সুবিধা প্রাপ্তির যোগ্যতা।-

(১) এ নীতিমালার অধীন সুদমুক্ত ঋণ সুবিধা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

(২) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা সুদমুক্ত ঋণের চেক গ্রহণের পর তিনি তা প্রত্যাহার করতে চাইলে সুদমুক্ত ঋণের চেক ইস্যুর তারিখ হতে সম্পূর্ণ অর্থের উপর শতকার ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে। তবে, নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে চেকের অর্থ নগদায়ন করতে না পারলে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জরিমানা প্রদান ব্যতিরেকে চেক ফেরত প্রদান করতে পারবেন।

(৩) নীতি ৪ (১) ও (২) এর নিম্নবর্ণিত ক্ষেত্রে একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ সুবিধা পাবেন, যথা:

(ক) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার প্রাপ্যতা যতদিন থাকবে ততদিনের মধ্যে আবেদন করতে পারবেন। তবে সুদমুক্ত ঋণ এর আবেদন মঞ্জুরী আদেশ জারির তারিখ হতে চাকরি অবশ্যই ন্যূনতম ০১ (এক) বছর থাকতে হবে এবং কর্মকর্তার সিপিএফ ও গ্র্যাচুয়িটি মিলে ঋণের সমপরিমাণ অর্থ জমা থাকতে হবে;

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন, খুলনা। আই ডি নং-২৩৬৬

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

(খ) নীতিমালা জারির পর কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ওজোপাডিকো'র পরিবহন পুল হতে গাড়ি সুবিধা গ্রহণ করলেও গাড়ি ক্রয়ের সুদমুক্ত ঋণ এর আবেদন করতে পারবেন। কিন্তু সুদমুক্ত ঋণ গ্রহণ পূর্বক গাড়ি ক্রয়ের পর দাপ্তরিক গাড়ি ব্যবহারের সুবিধা আর বহাল থাকবে না।

৫। "সুদমুক্ত ঋণ" গ্রহণের অযোগ্যতা।-

কোন একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ সুবিধা গ্রহণের অযোগ্য হবেন যদি তাঁর-

(১) চাকরির মেয়াদ কমপক্ষে ০১ (এক) বছর না থাকে।

(২) সুদমুক্ত ঋণ মঞ্জুরি আদেশ জারির তারিখে প্রাধিকারপ্রাপ্ত কোন কর্মকর্তা ওজোপাডিকো ব্যতীত মন্ত্রণালয়/ বিভাগ এ লিয়েনে/ সংযুক্ত থাকলে।

(৩) বিভিন্ন প্রকার অগ্রিম বা গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তার সিপিএফ এবং গ্র্যাচুয়িটি হতে প্রস্তাবিত সুদমুক্ত ঋণ এর টাকা আদায় করা সম্ভব না হয়।

(৪) শৃংখলা ভঙ্গজনিত বিভাগীয় মামলা বা ফৌজদারি মামলা চলমান থাকলে।

(৫) বিভাগীয় মামলায় গুরুদন্ড প্রাপ্ত হলে দন্ড ভোগের ০২(দুই) বছর অতিক্রম না করলে।

(৬) লঘুদন্ড প্রাপ্ত হলে দন্ড ভোগের ০১(এক) বছর অতিক্রম না করলে।

(৭) পদের স্থায়ীত্ব বা যথার্থতা নিয়ে আদালতে মামলা বিচারাধীন থাকলে।

৬। "সুদমুক্ত ঋণ" মঞ্জুরের শর্ত।-

(১) ওজোপাডিকো'র পক্ষে নির্বাহী পরিচালক পর্যন্ত ব্যবস্থাপনা পরিচালক এবং ব্যবস্থাপনা পরিচালক এর জন্য ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদ এ নীতিমালার অধীন গাড়ি ক্রয়ের সুদমুক্ত ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ বলে বিবেচিত হবে।

(২) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ পরিশিষ্ট-'ক' ফরমে সুদমুক্ত ঋণ আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন।

(৩) নীতিমালা উপ-অনুচ্ছেদ ৬ (১) ও এ নীতিমালার অন্যান্য উদ্দেশ্য পূরণকল্পে ওজোপাডিকো কর্তৃপক্ষ প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করবে।

(৪) ওজোপাডিকো'র একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে কর্তৃপক্ষের গাড়ি ক্রয় এবং আনুষঙ্গিক অন্যান্য খরচাদি যেমনঃরেজিস্ট্রেশন, ফিটনেস, ট্যাক্স টোকেন, সিএনজি রূপান্তর ইত্যাদি সকল খরচ নির্বাহের জন্য এককালীন সুদমুক্ত ঋণ হিসেবে সর্বোচ্চ ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা অনুমোদন প্রদান করতে পারবে। এছাড়া বাজার মূল্যের সাথে সঙ্গতি রেখে যুক্তিসঙ্গত সময় অন্তর ওজোপাডিকো বোর্ড সুদমুক্ত ঋণ এর পরিমাণ পুনঃনির্ধারণ করতে পারবে।

(৫) নীতিমালা অনুচ্ছেদ ৬ (২) এর অধীনে আবেদনকারীদের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে সুদমুক্ত ঋণ মঞ্জুর করতে হবে, তবে এ ক্ষেত্রে অবসর গমনের নিকটবর্তী কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

(৬) কোন কর্মকর্তা তার সমগ্র চাকুরীকালে ১ (এক) বারের বেশি এ নীতিমালার অধীন কোন সুদমুক্ত ঋণ গ্রহণ করতে পারবেন না।

(৭) যদি কোন কর্মকর্তা সুদমুক্ত ঋণ মঞ্জুরির আদেশ প্রাপ্তির পর ঋণ গ্রহণে অস্বীকৃত হলে ও ঋণ এর চেক নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ফেরত দিলে সেক্ষেত্রে পূর্বের আদেশ বাতিল সাপেক্ষে পুনরায় সুদমুক্ত ঋণ এর আবেদন করতে পারবেন।

৭। ক্রয়কৃত গাড়ির রেজিস্ট্রেশন খরচ ও অতিরিক্ত অর্থ ফেরত।-

(১) চুক্তি সম্পাদনের অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদ্সংক্রান্ত অন্যান্য কার্যাদি (বন্ধকী ফরমসহ) সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় হলে ৯০ (নব্বই) দিনের পর হতে সুদমুক্ত ঋণ এর সম্পূর্ণ অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৮

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

(২) গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদ্‌সংক্রান্ত অন্যান্য কার্যাদি বাবদ ব্যয় করার পর অব্যয়িত অর্থ অবশিষ্ট থাকলে তা চুক্তি সম্পাদনের ৯০(নব্বই) দিনের মধ্যে ওজোপাডিকো বরাবর ফেরত প্রদান করতে হবে। এর ব্যত্যয় হলে ৯০(নব্বই) দিনের পর হতে অব্যয়িত অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ ফেরত প্রদান করতে হবে।

(৩) গাড়ীর ফিটনেস, ট্যাক্স টোকেন, বীমা নবায়ন প্রতি বছর নিজ অর্থায়নে করতে হবে।

(৪) যদি কোন কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের অধিক ব্যয়ে গাড়ি ক্রয় করেন তাহলে উক্ত অতিরিক্ত পরিমাণ অর্থ ওজোপাডিকো'র নিকট হতে দাবী করতে পারবেন না। তবে মঞ্জুরিকৃত অর্থের ২০% অধিক ব্যয়ে গাড়ী ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল পূর্বক ওজোপাডিকো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আয়ের সাথে সঙ্গতি রেখে গাড়ি ক্রয় করতে হবে।

৮। চুক্তি সম্পাদন ও গাড়ি বন্ধক।-

(১) সুদমুক্ত ঋণ মঞ্জুরিকালে প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিশিষ্ট-"খ" ফরমে সরকার কর্তৃক নির্ধারিত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ওজোপাডিকো'র সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে।

(২) সুদমুক্ত ঋণ মঞ্জুরিকৃত অর্থ প্রাপ্তি এবং গাড়ি ক্রয়ের পর প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিশিষ্ট-"গ" ফরমে ওজোপাডিকো বরাবর সংশ্লিষ্ট গাড়িটি সুদমুক্ত ঋণের নির্ধারিত টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত বন্ধক রাখতে হবে। তবে সুদমুক্ত ঋণ গ্রহণকারী কর্মকর্তার নামে গাড়ির রেজিস্ট্রেশন থাকবে।

(৩) সুদমুক্ত ঋণ বাবদ মঞ্জুরিকৃত অর্থ দ্বারা ক্রয়কৃত গাড়ির সুদমুক্ত ঋণ এর নির্ধারিত টাকা পরিশোধ হয়ে গেলে ওজোপাডিকো উক্ত কর্মকর্তার অনুকূলে পরিশিষ্ট-"ঘ" ফরমে বন্ধক অবমুক্ত বিষয়ে একটি প্রত্যয়নপত্র প্রদান করবে। তবে কোন কর্মকর্তা চাকরিরত অবস্থায় সুদমুক্ত ঋণের সম্পূর্ণ অর্থ পরিশোধের পর গাড়িটি অবমুক্তির তারিখ হতে অবচয় সুবিধা প্রাপ্য হবেন না।

৯। গাড়ির বীমা।-

প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে এ নীতিমালার অধীন ক্রয়কৃত গাড়ির অগ্নি, চুরি, দুর্ঘটনাজনিত ক্ষতি ইত্যাদির জন্য ফার্স্ট পার্টি ইন্স্যুরেন্স বা বীমা করতে হবে।

১০। গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়।-

(১) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ওজোপাডিকো'র নিকট হতে সুদমুক্ত ঋণ গ্রহণ করলে তিনি গাড়ি ক্রয়ের পর উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন), ওজোপাডিকো এর ছাড়পত্র গ্রহণ পূর্বক "গ" ফরম স্বাক্ষরের তারিখ হতে গাড়ি মেরামত/ সংরক্ষণ, জ্বালানি, ড্রাইভারের বেতন, ইত্যাদি বাবদ মাসিক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা হারে প্রাপ্য হবেন, তবে এ রক্ষণারেক্ষণ ব্যয়ের জন্য মাসিক অর্থের পরিমান ওজোপাডিকো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে ওজোপাডিকো কর্তৃক সময় সময় প্রজ্ঞাপন আকারে জারি করা হবে। নির্ধারিত রক্ষণাবেক্ষণ ব্যয় উক্ত কর্মকর্তাকে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রদান করা হবে। তিনি চুক্তি ("গ" ফরম) স্বাক্ষরের তারিখ হতে উক্ত মাসের অবশিষ্ট সময়ের জন্য আংশিক রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন। স্বাক্ষরিত "গ" ফরমের প্রমাণক ছাড়া কোনক্রমেই গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন না। এর ব্যত্যয় হলে রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ উত্তোলিত অর্থের শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

(২) কোন প্রকল্পে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত কোন কর্মকর্তার সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা থাকলে নিজ গাড়ি সচল রাখারপ্রয়োজনে গাড়ি মেরামত/সংরক্ষণ, জ্বালানি, ড্রাইভারের বেতন ইত্যাদি খরচ বাবদ গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয়ের শতকরা ৫০% হারে প্রাপ্য হবেন।

(৩) নীতিমালা ৮ এর অধীন সম্পাদিত চুক্তির কোন শর্তের বরখেলাপ বা ওজোপাডিকো'র অনুমতি ব্যতিরেকে ক্রয়কৃত গাড়ি বিক্রয় করলে এ বিধির অধীনে কোন গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় পাবেন না।

(৪) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার অবসর শুরুর তারিখ হতে এ গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রদান স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(৫) সুদমুক্ত ঋণ গ্রহণকারী কর্মকর্তা ওজোপাডিকো'র নিকট হতে গাড়িচালক, জ্বালানি, গাড়ি ব্যবহারজনিত ক্ষয়, রক্ষণাবেক্ষণ বা কোন প্রকার মেরামতের জন্য পৃথক কোন রকম আর্থিক সুযোগ সুবিধা, প্রকৃত ব্যয় বা খরচ দাবি করতে পারবেন না এবং উক্ত গাড়ির জন্য কার সেন্ট, এয়ার ফ্রেসনার, টিস্যু পেপার ও এ্যারোসল ইত্যাদি কোন প্রকার সুবিধা পাবেন না।

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, খুলনা

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

১১। সুদমুক্ত ঋণের অর্থে ক্রয়কৃত গাড়ি বিক্রয়।-

(১) সুদমুক্ত ঋণের অর্থে ক্রয়কৃত গাড়ি সুদমুক্ত ঋণ পরিশোধের পূর্বে বিক্রয়ের ক্ষেত্রে ওজোপাডিকো'র অনুমতি গ্রহণ করতে হবে।

(২) বিক্রয় মূল্য হতে Pay Order এর মাধ্যমে বকেয়া সুদমুক্ত ঋণ জমা প্রদান করার শর্তে বিক্রয়ের অনুমতি প্রদান করা যেতে পারে এবং গাড়ি বিক্রয়ের অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে অপরিশোধিত অর্থ এককালীন জমা দিতে হবে।

(৩) যদি কোন কর্মকর্তা নীতিমালা ১১ এর (২) অনুসারে অপরিশোধিত অর্থ জমা প্রদান করতে ব্যর্থ হন তা হলে অপরিশোধিত অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা আদায় করতে হবে।

(৪) পুরাতন গাড়ি বিক্রয় করে নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত শর্তে বিক্রয়ের অনুমতি প্রদান করতে পারবেন, যথা:

(ক) বকেয়া সুদমুক্ত ঋণ অপেক্ষা নতুন গাড়ির মূল্য কম হলে পার্থক্যের সমপরিমাণ অর্থ ওজোপাডিকো বরাবর ফেরত দিতে হবে;

(খ) বকেয়া সুদমুক্ত ঋণ পূর্বোক্ত হারেই আদায়/ পরিশোধ অব্যাহত রাখতে হবে; এবং

(গ) নতুন গাড়ির ক্ষেত্রে ফার্স্ট পার্টি বীমা করতে হবে এবং ওজোপাডিকো'র নিকট বন্ধক রাখতে হবে।

১২। গাড়ি দুর্ঘটনা ও চুরি।-

গাড়ি ক্রয়ের পর দুর্ঘটনায় বিনষ্ট বা চুরি হলে সেক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্তি অব্যাহত থাকবে, এ ক্ষেত্রে কিস্তির টাকা নিয়মিত পরিশোধ করতে হবে অন্যথায় অপরিশোধিত কিস্তির উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে এবং তিনি ওজোপাডিকো'র গাড়ির সুবিধা পাবেন না।

১৩। গাড়ির মালিকানা।-

গাড়ি ক্রয়ের জন্য গৃহীত সমুদয় সুদমুক্ত ঋণের কিস্তি পরিশোধের পর সংশ্লিষ্ট কর্মকর্তা গাড়ির মালিক হবেন।

১৪। গাড়ি ব্যবহার।-

(১) কর্ম অধিক্ষেত্র অর্থাৎ কোন কর্মকর্তার দাপ্তরিক কার্যালয় যে স্থানে অবস্থিত, তার ৮(আট) কি:মি: ব্যাসার্ধের মধ্যে দাপ্তরিক কাজে ভ্রমণের জন্য ব্যবহারকারী কর্মকর্তাগণ কোন টি.এ/ডি.এ দাবী করতে পারবেন না;

তবে শর্ত থাকে যে, ৮(আট) কি:মি: ব্যাসর্ধের বাইরে কোন দাপ্তরিক কাজে ভ্রমণের জন্য (বাসায় যাতায়াতের ক্ষেত্র ব্যতীত) গাড়িটি ব্যবহৃত হলে ওজোপাডিকো'র নির্ধারিত হারে টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

ব্যাখ্যা: কোন কর্মকর্তার একাধিক দাপ্তরিক কার্যালয় থাকলে এক্ষেত্রে তিনি প্রধানত: যে দপ্তরে পদায়িত বা অধিক সময় অবস্থান করবেন তা বিবেচনা করতে হবে।

(২) কোন কর্মকর্তা চাকরিতে থাকা অবস্থায় দাপ্তরিক প্রয়োজন মিটানোর পরে গাড়িটি ব্যক্তিগত প্রয়োজনে পরিবারের সদস্য সমন্বয়ে ব্যবহার করতে পারবেন, এ ক্ষেত্রে কর্মকর্তার গাড়ি ব্যবহার বিষয়ে ওজোপাডিকো ভৌগোলিক এলাকা সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

(৩) গাড়ি ভাড়া, লীজ বা অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য হস্তান্তর করলে তা ওজোপাডিকো চাকরি বিধি অনুযায়ী "অসদাচরণ" বলে গণ্য হবে।

১৫। শিক্ষা ছুটি।-

গাড়ি ক্রয়ের জন্য গৃহীত সমুদয় ঋণের কিস্তি পরিশাধের পূর্বে কোন কর্মকর্তা শিক্ষা ছুটি নিলে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন না কিন্তু নিয়মিতভাবে গাড়ি ক্রয়ের জন্য গৃহীত সুদমুক্ত ঋণ সুবিধার মাসিক কিস্তি পরিশোধ করতে হবে।

১৬। প্রেষণ।-

ওজোপাডিকো হতে অন্য সংস্থায় প্রেষণ পদে যোগদান করলেও উক্ত কর্মকর্তার নিজ গাড়ি সচল রাখার প্রয়োজনে রক্ষণাবেক্ষণ, জ্বালানি ও ড্রাইভারের বেতন বাবদ গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় এবং ঋণের কিস্তির পরিশোধ ব্যাহত করা যাবে না। প্রেষণে ওজোপাডিকোতে আগত কোন কর্মকর্তার ক্ষেত্রে এই সুদমুক্ত ঋণ সুবিধা কার্যক্রম কার্যকর হবে না।

Huda
মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং ১০৯১

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

১৭। ওজোপাডিকো'র গাড়ি রিকুইজিশন সীমিতকরণ।-

(১) সুদমুক্ত ঋণ সুবিধা গ্রহণকারী কোন কর্মকর্তা সাধারণভাবে তাঁর দপ্তর হতে রিকুইজিশনের ভিত্তিতে কোন গাড়ি দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করতে পারবেন না।

তবে শর্ত থাকে যে,

(ক) জরুরী পরিস্থিতি (দাপ্তরিক বা ব্যক্তিগত) উদ্ভবের পরিপ্রেক্ষিতে ক্ষেত্র বিশেষ ওজোপাডিকো'র কর্তৃপক্ষের অনুমোদন ও ওজোপাডিকো কর্তৃক নির্ধারিত পরিচালনা ব্যয় বহন সাপেক্ষে গাড়ি রিকুইজিশন করতে পারবেন; এবং

(খ) উক্ত কর্মকর্তার এ নীতিমালার অধীন ক্রয়কৃত গাড়িটি যান্ত্রিক ত্রুটির কারণে অচল থাকলে উক্ত মর্মে প্রত্যয়নসহ রিকুইজিশনের ভিত্তিতে গাড়ি ব্যবহার করতে পারবেন।তবে এক্ষেত্রে প্রতিদিনের রিকুইজিশনের জন্য ওজোপাডিকো কর্তৃক নির্ধারিত আনুপাতিক হারে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় কর্তনযোগ্য হবে।

(২) রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ১০০% অর্থ গ্রহণকারী কর্মকর্তাগণ অফিসে যাতায়াত বা অন্য কোন কাজের জন্য কোনভাবেই কর্মস্থলের গাড়ি ব্যবহার করবেন না।

(৩) নীতি ১৭ (২) অনুসরণে ব্যর্থতা ওজোপাডিকো'র চাকরি বিধি অনুযায়ী অসদাচরণ বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট অর্থ শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ আদায়যোগ্য হবে।

১৮। সুদমুক্ত ঋণ আদায় পদ্ধতি।-

(১) (ক) সুদমুক্ত ঋণ সর্বোচ্চ ১২০ (একশত বিশ) টি সমান মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে এবং সুদমুক্ত ঋণের চেক ইস্যুর পরবর্তী মাসের বেতন হতে কর্তন শুরু করা হবে। এর ব্যত্যয় হলে চেক গ্রহণের তারিখ হতে খেলাপি কিস্তির উপর শতকরা ১৫ টাকা হারে জরিমানাসহ খেলাপি কিস্তি প্রদান করতে হবে। এছাড়া বন্ধকী ফরম ("গ" ফরম) স্বাক্ষরের পর পরিশোধিত কিস্তি এবং প্রাপ্য অবচয় সুবিধা বাদ দিয়ে অবশিষ্ট অর্থের উপর কিস্তি পূনঃ নির্ধারণ করা যাবে।

(খ) সুদমুক্ত ঋণের উপর ১% (এক শতাংশ) সার্ভিস চার্জ নির্ধারিত হারে ১২০ (একশত বিশ) টি সমান কিস্তিতে আদায়যোগ্য হবে।

(২) কোন কর্মকর্তা কর্মরত অবস্থায় যে কোন সময়ে বা অবসরে যাওয়ার পূর্বে অপরিশোধিত সমুদয় অর্থ এককালীন পরিশোধ করতে ইচ্ছুক হলে সমুদয় অর্থ পরিশোধের তারিখে প্রাপ্য অবচয় সুবিধা বাদ দিয়ে বাকি অর্থ Pay Order এর মাধ্যমে, চেক বা নগদ জমা প্রদান করতে পারবেন। তবে গাড়ি অবমুক্ত হওয়ার পর এ নীতিমালার আওতায় কোন সুবিধা প্রাপ্য হবেন না।

(৩) চাকরির মেয়াদকালে সমুদয় কিস্তির টাকা আদায় করা সম্ভব না হলে সুদমুক্ত ঋণ বাবদ গৃহীত অপরিশোধিত অর্থ নিম্নরূপ ভাবে আদায় করা হবে, যথাঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা স্বেচ্ছায় অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধ করবেন;

(খ) সংশ্লিষ্ট কর্মকর্তার গ্র্যাচুয়িটি হতে এককালীন আদায় করা হবে;

(গ) দফা (খ) অনুযায়ী গ্র্যাচুয়িটি হতে আদায়ের পরও বকেয়া থাকলে সুদমুক্ত ঋণের অপরিশোধিত অর্থ উক্ত কর্মকর্তার সিপিএফ তহবিল হতে কর্তন করা হবে;

(ঘ) দফা (গ) অনুযায়ী সিপিএফ হতে আদায়ের পরও বকেয়া থাকলে সুদমুক্ত ঋণের অপরিশোধিত অর্থ বন্ধকী গাড়ি বিক্রয় পূর্বক অথবা ওজোপাডিকো'র মালিকানায় রেখে অগ্রিম সমন্বয় করা হবে; অথবা

(ঙ) সংশ্লিষ্ট (ক), (খ), (গ) ও (ঘ) এর মাধ্যমে আদায়ের পরও সুদমুক্ত ঋণের অপরিশোধিত থাকলে দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারি পাওনা হিসেবে আদায়যোগ্য হবে।

(৪) কোন কর্মকতা স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে বা ওজোপাডিকো কর্তৃক কোন কর্মকর্তাকে চাকরি হতে অপসারণ বা বরখাস্ত বা চাকুরিচ্যুত করা হলে ওজোপাডিকো বন্ধকী গাড়ি বিক্রয়পূর্বক সুদমুক্ত ঋণ সমন্বয় করবে এবং এর পরও অগ্রিম অপরিশোধিত থাকলে সরকারি পাওনা দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারি পাওনা হিসেবে আদায়যোগ্য হবে।

(৫) নীতিমালা অনুচ্ছেদ-৮ এর অধীন সম্পাদিত চুক্তির কোন শর্তের বরখেলাপ হলে ওজোপাডিকো বন্ধকী গাড়ি বিক্রয়পূর্বক সুদমুক্ত ঋণ সমন্বয় করবে এবং এর পরও সুদমুক্ত ঋণ অপরিশোধিত থাকলে সরকারি দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারি পাওনা হিসেবে আদায়যোগ্য হবে।

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

(৬) সুদমুক্ত ঋণ গ্রহীতার মৃত্যু হলে এবং দুর্ঘটনা অথবা মানসিক কারণে অক্ষম/প্রতিবন্ধি হয়ে চাকরি থেকে অবসর গ্রহণকারি দুর্দশাগ্রস্ত কর্মকর্তা হলে, সে ক্ষেত্রে-

(ক) তাঁর উত্তরাধিকারীগণ সুদমুক্ত ঋণ এর অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধ করবেন।

(খ) তাঁর গ্র্যাচুয়িটি হতে সুদমুক্ত ঋণের টাকা আদায় করা হবে;

(গ) তাঁর গ্র্যাচুয়িটি হতে আদায়ের পর সুদমুক্ত ঋণের অপরিশোধিত থাকলে উক্ত কর্মকর্তার সিপিএফ হতে কর্তন করা হবে;

(ঘ) গ্র্যাচুয়টি ও সিপিএফ হতে কর্তনের পরও অপরিশোধিত সুদমুক্ত ঋণ থাকলে সুদমুক্ত ঋণ গ্রহীতার উত্তরাধিকারীগণ অপরিশোধিত সুদমুক্ত ঋণের টাকা পরিশোধ না করা পর্যন্ত সুদমুক্ত ঋণগ্রহীতা গোষ্ঠী বীমা হতে ক্ষতিপূরণ বাবদ যে টাকা প্রাপ্য হবেন সেই টাকার চেক হস্তান্তর করা হবে না;

উপরি উক্ত (ক), (খ), (গ) ও (ঘ) এ যা কিছুই থাকুক না কেন, মৃত কর্মকর্তার উত্তরাধিকারী অথবা অক্ষম হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্ত কর্মকর্তা বা তাঁর প্রতিনিধি যৌক্তিক অর্থনৈতিক কারণে সুদমুক্ত ঋণের অপরিশোধিত অর্থ (আসল এবং প্রযোজ্য ক্ষেত্রে জরিমানা ও সার্ভিস চার্জ) মওকুফের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন এবং তাঁর আবেদনপত্রটি ওজোপাডিকো কর্তৃপক্ষ মওকুফের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৯। গাড়ির অবচয় হিসাব।-

(১) গাড়ির প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাকে দাপ্তরিক দায়িত্ব পালনের নিমিত্ত ওজোপাডিকো'র গাড়ির পরিবর্তে গাড়ি ক্রয়ের জন্য নগদায়নের সুবিধা প্রদান করা হয়। দাপ্তরিক দায়িত্ব পালনে গাড়ি ব্যবহারের ফলে প্রতি বছর গাড়ির আয়ুস্কাল হ্রাস পায় বিধায় গাড়ির অবচয় হিসাব সর্বোচ্চ ০৮ (আট) বছর। এ কারণে বছরে ১০% হারে অবচয় মূল্য (Depreciation Cost) বাদ দিয়ে অবশিষ্ট মূল্য পরিশোধ করে নীতিমালার 'ঘ' ফরম অনুযায়ী গাড়ির বন্ধককাল শেষ হবে। ক্রয়কৃত সকল গাড়ির ক্ষেত্রে প্রথম বছর থেকেই [(বন্ধকী ফরম) ('গ' ফরম) স্বাক্ষরের তারিখ হতে] অবচয় সুবিধা প্রাপ্য হবেন।

(২) অবচয় সুবিধা সর্বোচ্চ ০৮ (আট) বছর প্রদানের ক্ষেত্রে কোন কর্মকর্তার অবসরের তারিখ পর্যন্ত হিসাব করা যাবে।

(৩) স্বাক্ষরের তারিখ যে কোন দিবসে হলেও নগদায়ন পরিশোধ ও গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রদানের সুবিধার্থে গণনা পরবর্তী মাসের ১ম তারিখ হতে শুরু হবে।

২০। অস্পষ্টতা দূরীকরণ।-

এ নীতিমালায় কোন কিছু অস্পষ্ট থাকলে বা কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে ওজোপাডিকো'র বোর্ড তা দূরীকরণের ব্যবস্থা নিতে পারবে।

Huda
১৫/০৬/২০২১
মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৮

১৫/৬/২০২১
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ খুলনা

১৫/৬/২১
আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
ওজোপাডিকো, খুলনা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো'র কর্মকর্তা হিসেবে মোটরগাড়ি ক্রয়ের সুদমুক্ত ঋণের আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের একজন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা। আমি ওজোপাডিকো'র দাপ্তরিক গাড়ি সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক নই। প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো'র কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ির সেবা নগদায়ন নীতিমালা, ২০২১ অনুযায়ী আমি মোটরগাড়ি ক্রয়ের জন্য.................................................................(কথায়) ....................................................................টাকা সুদমুক্ত ঋণ গ্রহণ করতে ইচ্ছুক। নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাবলী সদয় বিবেচনার জন্য পেশ করলামঃ

১। নাম ও সিপিএফ নম্বর :

২। জাতীয় পরিচয় পত্র নম্বর :

৩। পদবি :

৪। দপ্তর :

৫। জন্ম তারিখ :

৬। চাকরিতে যোগদানের তারিখ :

৭। প্রাধিকার অর্জনের তারিখ :

৮। অবসরে যাওয়ার তারিখ :

৯। মূল বেতন :

১০। ইত:পূর্বে গৃহীত অগ্রিম সংক্রান্ত তথ্য (গৃহ নির্মাণ/ মোটর সাইকেল/কম্পিউটার) :

| অগ্রিমের নাম | মঞ্জুরের তারিখ | অগ্রিমের পরিমাণ | কিস্তির পরিমাণ | অপরিশোধিত টাকার পরিমাণ | অগ্রিম সম্পূর্ণ পরিশোধের নির্ধারিত তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

১১) সুদমুক্ত ঋণ পরিশোধ সংক্রান্ত:

| প্রার্থিত সুদমুক্ত ঋণের পরিমাণ | কত কিস্তিতে পরিশোধ করতে ইচ্ছুক | চাকরিরত অবস্থায় পরিশোধ সম্ভব না হলে অগ্রিম সমন্বয় পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৬

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

১২। গাড়ি ব্যবহার সংক্রান্ত তথ্য

(ক) ওজোপাডিকো'র গাড়ি ব্যবহার করি/না:

(খ) গাড়ি নম্বর..........................(গাড়ি ব্যবহারের ক্ষেত্রে):

(গ) গাড়ি ব্যবহারের সময়:

১৩। আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, প্রার্থিত সুদমুক্ত ঋণ মোটরগাড়ি ক্রয় ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করব না। মোটরগাড়ি ক্রয় ও রেজিস্ট্রেশন ইত্যাদি বাবদ ব্যয়িত অর্থের অতিরিক্ত উত্তোলিত অর্থ ১৫(পনের) দিনের মধ্যে ওজোপাডিকো বরাবর ফেরত দিতে বাধ্য থাকব।

আপনার অনুগত,

| | | | |
|---|---|---|---|
| স্থান : | | স্বাক্ষর | : |
| | | নাম | : |
| তারিখ : | | পদবি | : |
| | | ঠিকানা | : |
| | | মোবাইল | : |
| | | নম্বর | : |
| | | ই-মেইল | : |

১৪) দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ-

স্বাক্ষর :

নাম :

পদবি :

ঠিকানা :

Huda
মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
খুলনা। আই ডি নং-২৩

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন,
ওজোপাডিকোলিঃ, খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

## চুক্তিনামা

মোটরগাড়ি ক্রয়ের জন্য ঋণ গ্রহণের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের ফরম .............সালের......................মাসের ..................তারিখে একপক্ষে........................ (পরবর্তীকালে ঋণ গ্রহীতা হিসেবে অভিহিত যা তাঁর আইনগত প্রতিনিধি এবং স্বত্বনিয়োগীকে বুঝাবে এবং অপরপক্ষে ওজোপাডিকো'র পক্ষে কোম্পানি সচিব এর মধ্যে সম্পাদিত চুক্তি।

যেহেতু, অগ্রিমগ্রহীতা প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো'র কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১ অনুসারে (পরবর্তীতে সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন আদেশ হিসেবে অভিহিত) মোটরগাড়ি ক্রয় করার জন্য ..................................টাকা ঋণের জন্য ওজোপাডিকো'র নিকট আবেদন করেছেন এবং ওজোপাডিকো কর্তৃপক্ষ পরবর্তীতে বর্ণিত শর্তাবলিতে এ ঋণ প্রদানে সম্মত হয়েছে।

সুতরাং এতদ্বারা উভয়পক্ষ এ মর্মে সম্মত হচ্ছেন যে, ওজোপাডিকো কর্তৃক সুদমুক্ত ঋণ গ্রহীতাকে.......................টাকা প্রদানের পরিপ্রেক্ষিতে (ঋণ গ্রহীতা এতদ্বারা যার প্রাপ্তি স্বীকার করলেন), ঋণ গ্রহীতা এ মর্মে ওজোপাডিকো'র সাথে সম্মত হলেন যে,

১) প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো'র কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১ মতে মাসিক বেতন বিল হতে কর্তনের মাধ্যমে এ অর্থ ১% (এক শতাংশ) সার্ভিস চার্জসহ সর্বোচ্চ ১২০টি সমান কিস্তিতে তিনি পরিশোধ করবেন এবং এ কর্তন করার জন্য তিনি এতদ্বারা ওজোপাডিকোকে ক্ষমতা প্রদান করলেন;

২) এ চুক্তি সম্পাদনের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে তিনি এ ঋণের সম্পূর্ণ অর্থ মোটরগাড়ি ক্রয় ও রেজিস্ট্রেশন ইত্যাদি খরচ সম্পন্ন করার জন্য ব্যয় করবেন এবং প্রকৃত মূল্য ও রেজিস্ট্রেশন খরচ ইত্যাদি যদি ঋণ অপেক্ষা কম হয় তবে অবশিষ্ট অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে ওজোপাডিকোকে ফেরত দিবেন; এবং

৩) প্রদত্ত ঋণ ও তজ্জনিত সুদের টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জামানত হিসেবে প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১ এ বর্ণিত "বন্ধকী" ফরমে মোটর গাড়িটি ওজোপাডিকো'র নিকট দায়বদ্ধ করবেন।

এবং সর্বশেষ তাও সম্মত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা যাচ্ছে যে, যদি মোটরগাড়ি উপর্যুক্ত মতে এ দলিল স্বাক্ষরের ৯০ (নব্বই) দিনের মধ্যে ক্রয় ও দায়বদ্ধ করা না হয়, অথবা ঋণ গ্রহীতা দেউলিয়া হন বা ওজোপাডিকো'র চাকুরি ত্যাগ করেন, বাধ্যতামূলক অবসর গ্রহণ অথবা যে কোন কারণে চাকরির অবসান বা মৃত্যুবরণ করেন তাহলে ঋণের সম্পূর্ণ অর্থ এবং তার সঞ্চিত জরিমানা ও সার্ভিস চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) অবিলম্বে পাওনা পরিশোধ করবেন।

উপরে বর্ণিত সমুদয় বয়ানের সাক্ষ্য স্বরূপ ঋণ গ্রহীতা উল্লিখিত বছর ও তারিখে স্বহস্তে স্বাক্ষর করলেন।

নিম্নেবর্ণিত সাক্ষীগণের সম্মুখে স্বাক্ষর করলেন:

১ম সাক্ষী:

স্বাক্ষর: ............................................................
**নাম: ............................................................**
ঠিকানা: ............................................................
পেশা: ............................................................
মোবাইল নম্বর: ............................................
ই-মেইল: ........................................................

ঋণ গ্রহীতার স্বাক্ষর ও তারিখ

সীল:

মোবাইল:

ই-মেইল:

২য় সাক্ষী:

স্বাক্ষর: ............................................................
নাম: ............................................................
ঠিকানা: ............................................................
পেশা: ............................................................
মোবাইল নম্বর: ............................................
ই-মেইল: ........................................................

Huda

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৮

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ, খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

ওজোপাডিকো'র প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ, সীল

## মোটরগাড়ি ঋণের "বন্ধকী" ফরম

এ চুক্তিপত্র ----------------------- সালের ------------------------মাসের---------------- তারিখে এক পক্ষে ----------- (পরবর্তীতে ঋণ গ্রহীতা হিসেবে অভিহিত) এবং অপর পক্ষে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর মধ্যে সম্পাদিত হলো।

যেহেতু, সুদমুক্ত ঋণ গ্রহীতা প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো'র কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা (পরবর্তীতে সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা হিসেবে অভিহিত) অনুসারে মোটরগাড়ি ক্রয় করার জন্য ------------------ টাকা ঋণ মঞ্জুরির আবেদন করেছেন এবং তা মঞ্জুর করা হয়েছে।

এবং যেহেতু বর্ণিত ঋণ মঞ্জুরির অন্যতম শর্ত এই যে, প্রদত্ত ঋণের জামানত হিসেবে ঋণ গ্রহীতা ওজোপাডিকো'র নিকট এ মোটরগাড়ি দায়বদ্ধ করবেন।

এবং যেহেতু ঋণ গ্রহীতা প্রদত্ত সুদমুক্ত ঋণ বা তার অংশ বিশেষ দ্বারা মোটরগাড়ি ক্রয় করেছেন যার বিশদ বর্ণনা নিম্নে লিপিবদ্ধ তফসিলে উদ্ধৃত হলো:

সুতরাং এ চুক্তিপত্রের ভাষ্য এই যে, বর্ণিত চুক্তি অনুসারে এবং পূর্বোক্ত বিষয়সমূহের বিবেচনায় ঋণ গ্রহীতা এ মর্মে ওজোপাডিকো'র সাথে চুক্তিবদ্ধ হচ্ছেন যে, তিনি ওজোপাডিকোকে ------------------ টাকা উক্ত অর্থের উপর ১% (এক শতাংশ) সার্ভিস চার্জ প্রদান করবেন অথবা এ চুক্তির তারিখে যে পরিমাণ পাওনা অবশিষ্ট আছে, তা কিস্তির শিডিউল মোতাবেক সমান কিস্তিতে মাসের প্রথম দিনে প্রদান করবেন এবং বর্ণিত সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে এ সময়ে পাওনা অর্থের উপর সঞ্চিত জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করবেন এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরও সম্মতি দিচ্ছেন যে, বর্ণিত সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে প্রদেয় এ অর্থ তাঁর মাসিক বেতনের বিল হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে এবং চুক্তির আরো শর্ত অনুসারে সুদমুক্ত ঋণ গ্রহীতা এতদ্বারা এ মোটরগাড়ি বর্ণিত সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে বর্ণিত ঋণ এবং তার উপর সঞ্চিত জরিমানা জামানত হিসেবে ওজোপাডিকো বরাবর এর স্বত্ব ন্যস্ত এবং হস্তান্তর করলেন। গাড়ির ফিটনেস, বীমা, ট্র্যাক্স টোকেন ও রেজিস্ট্রেশনের মূল কপির ফটোকপি উভয় পক্ষ কর্তৃক সত্যায়িত করে ওজোপাডিকো বরাবর জমা রাখলেন, তবে গ্রাচ্যুয়িটি ও আনুতোষিক মঞ্জুরির লক্ষ্যে না-দাবী গ্রহণ ও বন্ধকী অবমুক্তির সময়ে বন্ধককৃত গাড়ির হালনাগাদ ফিটনেস, ট্যাক্স টোকেন, বীমা এবং রেজিস্ট্রেশন/ডিজিটাল রেজিস্ট্রেশনের মূল কপি শাখা কর্মকর্তার নিকট উপস্থাপন সাপেক্ষে গ্রাচ্যুয়িটি ও আনুতোষিক মঞ্জুরির না-দাবীসহ গাড়িটি "ঘ" ফরমের মাধ্যমে "বন্ধকী" অবমুক্তি পত্র গ্রহণ করবেন।

এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হয়ে ঘোষণা দিচ্ছেন যে, তিনি বর্ণিত মোটর গাড়ির ক্রয় মূল্য পূর্ণভাবে পরিশোধ করেছেন ও তা সম্পূর্ণভাবে তার নিজস্ব সম্পত্তি এবং তিনি তা কোথাও বন্ধক দেননি এবং বর্ণিত ঋণ বাবদ ওজোপাডিকোকে যে পর্যন্ত কোন অর্থ প্রদেয় থাকে সে পর্যন্ত তিনি ওজোপাডিকো'র অনুমতি ব্যতীত এ সম্পত্তি বিক্রয়, বন্ধক বা তার দখল ত্যাগ করবেন না এবং মোটর গাড়ির মালিকানা হস্তান্তর করবেন না। এখানে আরও উল্লেখ করা যায় এবং ইহা স্বীকৃত ও ঘোষিত হচ্ছে যে, যদি কোন মূল কিস্তি, সার্ভিস চার্জের কিস্তি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা মূল কিস্তির উপর জরিমানা বাবদ (প্রযোজ্যক্ষেত্রে) পূর্বে বর্ণিত পদ্ধতি অনুসারে পাওনা হওয়ার দশ দিনের মধ্যে প্রদত্ত না হয় বা আদায় না হয় অথবা ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করেন বা কোন সময়ে ওজোপাডিকো'র চাকুরিতে না থাকেন, অথবা যদি ঋণ গ্রহীতা এ সম্পত্তি বিক্রয়, বন্ধক দেন অথবা দেউলিয়া হন অথবা তাঁর পাওনাদারের সঙ্গে কোন ব্যবস্থায় উপনীত হন অথবা কোন ব্যক্তি ঋণ গ্রহীতার বিরুদ্ধে ডিক্রি জারি বা রায় কার্যকর করেন, তবে তখন পর্যন্ত সমুদয় পাওনার অনাদায়কৃত অংশ এবং পূর্বে বর্ণিত মতে ধার্যকৃত জরিমানা তাৎক্ষণিকভাবে প্রদানযোগ্য হবে।

এবং এ মর্মে স্বীকৃত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা হচ্ছে যে, পূর্বে বর্ণিত কোন একটি ঘটনা ঘটলে ওজোপাডিকো বর্ণিত মোটরগাড়ি বাজেয়াপ্ত করে তার মালিকানা গ্রহণ করবেন এবং তা স্থানান্তর না করে তার মালিকানায় থাকবেন অথবা তা স্থানান্তর করে খোলা নিলামে অথবা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে চুক্তি করে বিক্রয় করবেন। বিক্রয়লব্ধ অর্থ হতে ও ঐ সময় পর্যন্ত সঞ্চিত জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) হতে সে সময় পর্যন্ত অপরিশোধিত ঋণ পরিশোধের জন্য এবং এ চুক্তির অধীন তাঁর অধিকার সংরক্ষণের জন্য বা আদায়ের জন্য এবং উদ্ধার করার জন্য সমুদয় ব্যয় এবং সকল প্রকার দায় মিটানোর জন্য ব্যবহার করবেন এবং এর অতিরিক্ত কোন অর্থ থাকলে ঋণ গ্রহীতা, তাঁর উইল নির্বাহক, প্রশাসক বা ব্যক্তিগত প্রতিনিধিকে প্রদান করবেন।

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩[illegible]

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকোলিঃ, খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

আরও শর্ত থাকে যে, বর্ণিত মোটর গাড়ির স্বত্ব গ্রহণ এবং বিক্রয়ের ক্ষমতা, ওজোপাডিকো কর্তৃক বিক্রয়লব্ধ নীট অর্থ যদি পাওনা হতে কম হয় তবে অবশিষ্ট অর্থের জন্য ঋণ গ্রহীতা অথবা তাঁর ব্যক্তিগত প্রতিনিধির বিরুদ্ধে মামলা করার অধিকার ক্ষুন্ন করবে না।

এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হচ্ছেন যে, যতদিন ওজোপাডিকো তাঁর নিকট কোন অর্থ পাওনা থাকবে ততদিন ঋণ গ্রহীতা কোনরূপ অগ্নি, চুরি বা দুর্ঘটনার কারণে ক্ষতি বা হানির জন্য সরকার কর্তৃক অনুমোদিত কোন বীমা কোম্পানিতে বীমা করবেন।

এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরো স্বীকৃত হচ্ছেন যে, যুক্তিসঙ্গত ক্ষয় ও অপচয়ের কারণে যতটুকু অবনতি হওয়া গ্রহণযোগ্য, তা অপেক্ষা মোটর গাড়ির কোন অতিরিক্ত ক্ষতিসাধন বা বিনষ্ট ঘটাবেন না।

এবং যদি কোন ক্ষতি বা দুর্ঘটনা হয়ে থাকে তবে সুদমুক্ত ঋণ গ্রহীতা অবিলম্বে তা মেরামত করাবেন ও ক্ষতিপূরণ করবেন।

উপরে বর্ণিত ভাষ্যের সাক্ষ্য স্বরূপ ঋণ গ্রহীতা উল্লিখিত বছরে ও তারিখে স্বহস্তে স্বাক্ষর প্রদান করলেন।

মোটর গাড়ির বিবরণ:

প্রস্তুতকারীর নাম :

বর্ণনা :

সিলিন্ডারের সংখ্যা :

ইঞ্জিন নম্বর :

চেসিস নম্বর :

ক্রয় মূল্য :

..........................................................................................এর উপস্থিতিতে সুদমুক্ত ঋণ গ্রহীতা.......................................................................................... স্বাক্ষর করলেন।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ
সীল

ঋণ গ্রহীতার স্বাক্ষর ও তারিখ
সীল

মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৮

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকোলিঃ খুলনা

আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।

<u>বন্ধক অবমুক্তির প্রত্যয়নপত্র</u>

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নাম: ............................................ ........... ...... ......... ....... ....... ........

পদবি:............................................... কর্মস্থল: ........................................................................
প্রাধিকারপ্রাপ্ত ওজোপাডিকো কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২১ এর আওতায় গাড়ি ক্রয়ের জন্য গত.................................তারিখে .......................................টাকা বিশেষ সুদমুক্ত ঋণ গ্রহণ করেন। তিনি গৃহীত ঋণের অর্থ দ্বারা ক্রয়কৃত..............................নং গাড়িটি ওজোপাডিকো বরাবর ......................তারিখে বন্ধক রাখেন। তিনি/তাঁর পক্ষে (মৃত ব্যক্তির ক্ষেত্রে সার্ভিস বেনিফিট গ্রহণকারী) জনাব/বেগম ...........................তারিখে সমুদয় ঋণ পরিশোধ করেছেন বিধায় অদ্য......................... তারিখে বন্ধককৃত ...........................নম্বর গাড়িটি অবমুক্ত করা হলো।

<u>সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর</u>

Huda
১৫/০৬/২০২২
মোহাম্মদ নাজমুল হুদা
ব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকোলিঃ, বিদ্যুৎ ভবন,
বয়রা, খুলনা। আই ডি নং-২৩৬৮

১৫/০৬/২২
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকোলিঃ খুলনা

১৫/৬/২২
আবদুল মোতালেব
কোম্পানি সচিব
ওজোপাডিকো, খুলনা।